তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা ৫ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# মাগুরায় পাঠশালা স্কুলের যুগপূর্তি উদ্‌যাপন

■ মাগুরা প্রতিনিধি

বর্ণিল আয়োজনে শনিবার মাগুরার ঐতিহ্যবাহী শিশু শিক্ষা প্রতিষ্ঠান পাঠশালার এক যুগপূর্তি পালন করা হয়েছে। এ উপলক্ষে শহরে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। দুপুরে র‍্যালিটি বিদ্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালিতে বিদ্যালয়ের বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীরা অংশ নেয়। তাদের হাতে ছিল নানা রংয়ের ব্যানার।

র‍্যালি শেষে বিদ্যালয়ের নতুন বাজার ক্যাম্পাস প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের অধ্যক্ষ হাসি কুরীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার এমপি। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক আজমল হক, অতিরিক্ত পুলিশ সুপার তরিকুল ইসলাম, অধ্যাপক অসিত বরন ঘোষ, সাংবাদিক অ্যাডভোকেট শরীফ আমিরুল হাসান বুলু। অনুষ্ঠানে বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থী, শিক্ষক অভিভাবকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।